



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৩৪৬/২, ঢোলাদিয়া রোড(কাঠগোলা বাজার), ময়মনসিংহ।

ফোন : ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭, E-mail : [chairmanbisemym@gmail.com](mailto:chairmanbisemym@gmail.com),

[www.mymensingheducationboard.gov.bd](http://www.mymensingheducationboard.gov.bd)

স্মারক নং-ময়শিবো/পনি/উমা/০৯/০৪/১৯/৭৬

তারিখ : ১৪/০৮/২০২২ খ্রি.

বিষয়: ২০২১ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার প্রধান পরীক্ষকগণের নামে বরাদ্দকৃত মূল্যায়নকৃত উত্তরপত্র বিক্রয় প্রসঙ্গে।

উল্লিখিত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২১ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট(এইচএসসি) পরীক্ষার প্রধান পরীক্ষকগণের নামে বরাদ্দকৃত উত্তরপত্র মূল্যায়নের পর নীতিমালা অনুযায়ী ১৩/০৮/২০২২ খ্রি: তারিখে সংরক্ষণের মেয়াদকাল ০৬(ছয়) মাস অতিক্রান্ত হওয়ায় তা শিক্ষা বোর্ডে ফেরত না দিয়ে বিক্রি করে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

প্রধান পরীক্ষকগণের অনুকূলে বরাদ্দকৃত ও মূল্যায়নকৃত উত্তরপত্রের পারিশ্রামিক, বিল থেকে হিসাব মতে বিধি মোতাবেক কর্তন করে তার সম্মানী/পারিশ্রামিক বিল প্রদান করা হবে। এমতাবস্থায়, সংশ্লিষ্ট বিষয়ের প্রধান পরীক্ষকের নিকট বরাদ্দকৃত উত্তরপত্রগুলো শিক্ষা বোর্ডে ফেরত দেয়ার প্রয়োজন নেই এবং তা তিনি বিক্রি করে দিতে পারবেন।

এ প্রসঙ্গে বিশেষভাবে উল্লেখ্য যে, মহামান্য হাইকোর্টের রীট পিটিশন নং ৪৯৭৩/২০২০ এর আদেশ মোতাবেক তা বাস্তবায়নের লক্ষ্যে পরীক্ষার উত্তরপত্র বিক্রির পত্র জারির পরবর্তী ১৫(পনের) দিনের মধ্যে প্রচলিত বাজার দরে সংশ্লিষ্ট প্রধান পরীক্ষকগণের নিকট হতে উত্তরপত্র সমূহ ক্রয় করার জন্য জনাব মো: ফজলুল হক. প্রধান নির্বাহী কর্মকর্তা, পথ শিশু কল্যাণ ট্রাস্ট-কে (মোবাইল নং-০১৭০৯৩৭২৫৬৬) অবহিত করা হয়েছে। উক্ত সময়সীমার মধ্যে প্রধান পরীক্ষকগণের নিকট হতে প্রতিষ্ঠানটি উত্তরপত্র ক্রয়ে ব্যর্থ হলে প্রধান পরীক্ষকগণ প্রচলিত বাজার দরে তা বিক্রয় করতে পারবেন।

প্রাপকঃ

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন ২০২১ সালের  
এইচএসসি পরীক্ষার সকল বিষয়ের প্রধান পরীক্ষকগণ।

স্বাঃ/-

(মোঃ সামছুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক


মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,  
ময়মনসিংহ।

ফোন : ০২-৯৯৭৭১০৪৪২

E-mail : [conbisemym@gmail.com](mailto:conbisemym@gmail.com)

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলোঃ

- ১। সচিব, অত্র শিক্ষা বোর্ড;
- ২। ডিডি (হি ও নি), অত্র শিক্ষা বোর্ড;
- ৩। জনাব মোঃ ফজলুল হক, প্রধান নির্বাহী কর্মকর্তা, পথ শিশু কল্যাণ ট্রাস্ট, ৫/২৯, সলিমুল্লাহ রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭;
- ৪। পিএস টু চেয়ারম্যান, অত্র শিক্ষা বোর্ড।
- ৫। অফিস কপি।



(এস.এম.মোবশ্বির হোসেন)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(উচ্চমাধ্যমিক)  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,  
ময়মনসিংহ।

ফোন : ০২-৯৯৭৭১০৪৪২

ই-মেইল : [smmobashirhossain1978@gmail.com](mailto:smmobashirhossain1978@gmail.com)